# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কাযালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।
ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

নং-প্রকা/শানিব্যউবি-৮(অংশ-১০)শুদ্ধাচার/২০২২-২০২৩/১১৫৭ তারিখ : ০৩.০৪.২০২৩

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
উপমহাব্যবস্থাপক/ বিভাগীয় প্রধান, সকল বিভাগ, প্রধান কার্যালয়
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ২৮.০৫.২০১৫ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭ এর পরিপালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ব্যাংকিং সময়সূচির পরে কর্মদিবস শেষে কর্মকর্তা/কর্মচারীদেরকে ব্যাংকে অবস্থানের জন্য বাধ্য না করার বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭, তারিখ ২৮.০৫.২০১৫ (কপি সংযুক্ত) এর নির্দেশনাবলী কঠোরভাবে অনুসরনের জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি : বর্ণনামতে।

০৩.০৪.২৩
(কে.এম.হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপিঃ**

০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। নথি/মহানথি।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৭

তারিখ ঃ মে ২৮, ২০১৫
জ্যৈষ্ঠ ১৪, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সব তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**ব্যাংকে পরিপালনের জন্য কতিপয় নির্দেশনা প্রসংগে ।**

সাম্প্রতিককালে লক্ষ্য করা যাচ্ছে যে, ব্যাংকিং সময়সূচীর পরে কার্যদিবস শেষে কর্মকর্তা-কর্মচারী বিশেষ করে মহিলা কর্মকর্তা/কর্মচারীদেরকে ব্যাংকে অবস্থানের জন্য বাধ্য করা হচ্ছে। তাছাড়া, তফসিলী ব্যাংকের কর্মকর্তাগণের নিকট হতে চাকুরীতে ইস্তফা, অযৌক্তিক বরখাস্তকরণ কিংবা অপসারণ এবং পরবর্তী আর্থিক সুবিধা প্রাপ্তিতে হয়রানিসহ বিভিন্ন বিষয়ে অসংখ্য অভিযোগ উত্থাপিত হচ্ছে। ফলে বিভিন্ন রকমের জটিলতার উদ্ভব হচ্ছে যা সুষ্ঠু মানব সম্পদ ব্যবস্থাপনার ক্ষেত্রে অন্তরায়।

এতদ্‌সূত্রে ব্যাংক কর্তৃক পরিপালিত বিভিন্ন নিয়মাচার পর্যালোচনান্তে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ব্যাংকিং সময়সূচীর পরে অর্থাৎ সন্ধ্যা ৬.০০ ঘটিকায় কার্যদিবস শেষে কর্মকর্তা-কর্মচারী বিশেষ করে মহিলা কর্মকর্তা/কর্মচারীদেরকে ব্যাংকে অবস্থানের জন্য বাধ্য করা যাবে না। বিশেষ অফিসীয় প্রয়োজনে যদি কোন মহিলা কর্মকর্তা/কর্মচারীকে ব্যাংকিং সময়সূচীর পরেও ব্যাংকে অবস্থান করতে হয় তবে তাদেরকে উপযুক্ত নিরাপত্তা ও পারিশ্রমিক প্রদান করতে হবে।

আরো উল্লেখ্য, ব্যাংক কর্তৃক ইচ্ছামাফিক ঢালাওভাবে কর্মকর্তা/কর্মচারী ছাঁটাই রদ করতে হবে। নিয়োগকালে পেশাদারিত্বের সাথে প্রার্থী যাচাই-বাছাই করতে হবে। নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে উপযুক্ত করে গড়ে তুলতে হবে। এছাড়া, ব্যাংকের কর্মকর্তাগণের চাকুরীতে ইস্তফা, চাকুরী হতে বরখাস্তকরণ কিংবা অপসারণ এবং পরবর্তী আর্থিক সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে International Labour Organization Conventions; বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক প্রদত্ত নির্দেশনার যথাযথ প্রতিফলন ঘটিয়ে ব্যাংকের সার্ভিস রুলস্‌ সংশোধন করতঃ তার যথাযথ পরিপালন নিশ্চিত করতে হবে ।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(রূপ রতন পাইন)
উপমহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৩৩৬